**মেয়র**

**বিল ডি ব্লাসিও (Bill de Blasio)** (D, WF)

**হ্যালো, আমি Bill de Blasio। আমি আউটার বোরোস্হিত একজন কর্মজীবি পিতা এবং পাবলিক স্কুলসমুহের গর্বিত পিতা। আমি বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে পাবলিক এডভোকেট হিসেবে কাজ করছি। আর আমি আপনাদের মেয়র হওয়ার জন্য চেষ্টা চালাচ্ছি। একজন অগ্রবর্তী সংস্কারক এবং তৃণমুল সংগঠক হিসেবে আমি আমার জীবন অতিবাহিত করেছি, ক্লিনটন প্রশাসনে Andrew Cuomo এর সহিত কাজ করেছি, Hillary Clinton-এর প্রথম প্রচারাভিযানে নেতৃত্ব দিয়েছি, এবং - আমি আমার স্থানীয় স্কুল বোর্ড, সিটি কাউন্সিল ও গণ আইনজীবি হিসেবে কাজ করে নগরীর পরিবর্তনের চেষ্টা করেছি। আমি হাজার স্কুল শিক্ষকের ছাটাই প্রতিরোধ করেছি এবং নেইবারহুড স্কুল সমুহের বন্ধ হওয়া থেকে নিরাপদ করেছি; এবং বস্তি ভুমি মালিকদের জবাবদিহীতার ব্যবস্হা করেছি; যারা ৯/১১ এর পরে প্রথম দুর্যোগ কবলিতদের যথাযথ ক্ষতিপুরণ আদায়ে সাহায্য করেছি; এবং যে সমস্ত ছেলেমেয়ে যারা অপব্যবহার এবং অবহেলার শিকার হয়েছে তাঁদেরকে সুরক্ষা করেছি। আমি তাঁদের জন্য কথা বলার ক্ষেত্রে কখনও ভীত হই নাই যারা সিটি হলের দ্বারা প্রতিনিয়ত নিগৃহীত হয়। ঠিক এখনই আমরা দুই নগরীর গল্পের ন্যায় একটি নগরীতে বাস করি যেখানে ধনীরা আরও অধিকতর ধনী হচ্ছে আর যেখানে মধ্য শ্রেনীর নিউ ইয়র্কবাসীরা দুর্ভোগ ভোগ করছে এবং আমাদের নগরীর প্রায় অর্ধেক লোকজন দারিদ্র সীমায় অথবা তাঁর কাছাকাছি বসবাস করছে। সুদীর্ঘ বার বছর মেয়র Bloomberg-এর পর আমরা একজন নেতাকে চাই যিনি শুধুমাত্র ওয়াল ষ্ট্রীট, বড় বড় কর্পোরেশন এবং বড় বড় রিয়েল এষ্টেট নির্মাতাদের চাহিদাই পুরণ করবেন না। আমরা আমাদের সমগ্র সিটির জন্য একজন মেয়র চাই - যা সকল পাঁচটি বরোর জন্য। একজন মেয়র হিসেবে আমি প্রায় ২০০,০০০ সামর্থ্যের মধ্যে গৃহায়ন প্রতিষ্ঠার জন্য প্রতিজ্ঞাবদ্ধ এবং বিধিবদ্ধ ভর্তুকি সমুহ পুন:স্থাপনে সেই সাথে CUNY পদ্ধতিতে বিনিয়োগসহ এবং স্টপ এন্ড ফিস্ক সংস্কার করা যাতে বর্নবাদ ও যুবকদের অনুচিত ভাবে থামানো না হয়। আমি সূচনাকারীদের ক্ষেত্রে বিনিয়োগ করবো, উদীয়মান শিল্প গঠনে সহায়তা প্রদান করবো, দেউলিয়াপনা ক্ষুদ্র ব্যবসায়ীদের ক্ষেত্রে অতিরিক্ত জরিমানা আদায় বন্ধ করব, এবং শিক্ষা নীতিমালা প্রনয়নের সময় পিতা-মাতাদের বক্তব্য শুনবো। অত্যন্ত গুরুত্বপুর্ন, যে আমি একমাত্র ডেমোক্রাট প্রার্থী যিনি প্রতিজ্ঞাবদ্ধ সত্যিকারের সম্পদশালীদের ক্ষেত্রে করবৃদ্ধির এবং চিরাচরিত প্রী-কে এবং প্রতিটি মিডল স্কুলের ছেলেমেয়েদের জন্য যাদের  প্রয়োজন রয়েছে তাদের আফটার স্কুল কার্যক্রম দিতে। আমার ক্ষেত্রে, গুনগত মানের স্কুল আমার ব্যক্তিগত ধারনা। আমি গর্বের সহিত বলতে পারি যে নিউ ইয়র্কের ইতিহাসে আমিই প্রথম মেয়র হতে যাচ্ছি যিনি তার শিশুদের পাবলিক স্কুলে দিচ্ছে। আমি প্রতিজ্ঞাবদ্ধ যে আমি আমাদের সিটিকে নতুন, অগ্রগতিমুখী হিসেবে পরবর্তী বছর গুলিতে চালিত করবো এবং আমি আশা করি যে আপনি আমার সহিত যোগ দেবেন।**

***প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।***

**মেয়র**

**জোসেফ জে. লোটা (Joseph J. Lhota)** (R, C, SF, T2H)

**হাই! আমি Joe Lhota এবং আমি পরবর্তী মেয়র হওয়ার জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। আমি ব্রংক্সে জন্ম গ্রহন করি অল্প বয়স্ক পিতা মাতার ঘরে। আমার পিতা NYC-এর একজন পুলিশ ছিলেন। তাহার পিতা NYC-এর একজন অগ্নিনির্বাপক এবং আমার মাতার পিতা ছিলেন সিটির একজন টেক্সিচালক। প্রথম থেকে নিউ ইয়র্ক সিটির ঘটনাবলী আমার রক্তের সহিত মিশ্রিত। আমার পরিবারে আমিই প্রথম যিনি কলেজে গেছেন। স্নাতক ডিগ্রী লাভ করার পর আমি নিউ ইয়র্কে ফিরে আসি এবং বিগত পঁচিশ বছর ব্যাপী আমার পরিবার এবং আমি ব্রুকলীনে বাস করেছি। আমি ওয়াল স্ট্রীটে আমার পেশাগত জীবন শুরু করি তখন চাকুরীর প্রচুর সুযোগ ছিল এবং রুডি জুলিয়ানির প্রশাসনের বাজেট পরিচালক ও উপ-মেয়র হিসাবে উভয় ক্ষেত্রে। নিউ ইয়র্ক নগরীর জন্য তখন ছিল একটি ব্যতিক্রমী সময় কাল -পরিবর্তনের একটি যুগ। আপনাদের অনেকে এখন মনে করতে পারেন এবং অনেকে পারেন না। কিন্তু সেই সময় নগরীটিকে বলা হতো ব্যবস্থাপনা এবং প্রশাসন অসম্ভব একটি নগর হিসেবে। আমাদের সড়ক পথগুলি সর্বদা সন্ত্রাসী অপরাধে ভরপুর থাকতো এবং সর্বত্র অর্থনৈতিক বিশৃংখলা লেগে থাকতো, সিটির বাসিন্দারা অন্য কোথাও অপেক্ষাকৃত উন্নত জীবন মানের আশা করতো। কিন্তু সঠিক নেতৃত্ব এবং সঠিক নীতিমালার দ্বারা এগুলোর পরিবর্তন শুরু হয়। অপরাধ প্রবনতা স্মরনীয় ভাবে কমে আসে। ব্যবসা-বানিজ্য উজ্জ্বল হয়ে উঠে এবং সিটিটি পুন:জন্মের অভিজ্ঞতা লাভ করে। বর্তমানে আমরা আমেরিকায় নিরাপদ বৃহৎ নগরীতে বাস করি। লোকজন নগরীর অংশ বিশেষে বাস করেছে যা তারা পুর্বে কখনো পারে নাই এবং জৈব প্রযুক্তি থেকে উচ্চ প্রযুক্তির নতুন শিল্প তৈরী করছি। আমরা আমাদের স্কুল পদ্ধতিতে অবশ্য সংস্কার সাধনের কাজ আরম্ভ করেছি। কিন্তু আমাদের অগ্রগতি ভঙ্গুর এবং সংশয়ের মধ্যে যা ভুল পদ্ধতি অবলম্বন করলে হিতেবিপরীত হতে পারে, যা নির্ভর করে আমাদের নতুন মেয়রের কার্যক্রমের উপর। নিউ ইয়র্ক সিটি প্রশাসন $৭০ বিলিয়ন প্রতিষ্ঠান দ্বারা বেষ্টিত যেখানে ৩০০,০০০ জন কর্মরত আছে। আমি বিশ্বাস করি যে আমাদের পরবর্তী মেয়র অবশ্যই সরকারী ও বেসরকারী উভয়ক্ষেত্রের অভিজ্ঞতা সম্পন্ন হবেন যা দ্বারা বৃহত্তর প্রশাসন, জটিল প্রতিষ্ঠান এবং এই সিটিকে প্রাক-উন্নয়ন সিটি হতে নেতৃত্ব দিবেন, ৫টি বরোর কৌশল। আমি কিছু উজ্জ্বল এবং গর্বিত মুহুর্তে নিউ ইয়র্কবাসীদের সেবা করেছি আমাদের এবং অবশ্য আমাদের বৃহত্তর চ্যালেঞ্জের সময়। আমি বিশ্বাস করি যে আমাদের উত্তম দিন গুলি এখনও সামনে পড়ে আছে। সম্বন্বিত ভাবে আমাদের সিটিকে সামনে এগিয়ে নিতে হবে। আমি আশা করি নির্বাচনের সময় আপনারা ভোট দিয়ে আমার কথার প্রতিফলন ঘটাবেন। ধন্যবাদ।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**মেয়র**

**এডলফ কেরিওন, জুন (Adolfo Carrión, Jr.)** (I)

আমার পিতামাতা পোর্টো রিকো থেকে নিউ ইয়র্কে আসেন। কারণ তারা আমাদের মহান সিটির প্রতিজ্ঞায় বিশ্বাস করতেন। কিন্তু আজ আমাদের অনেকের ন্যায় নিউ ইয়র্ক অতিরিক্ত ব্যয় বহুল হিসেবে পরিচিত হচ্ছে। আমাদের যুব বয়সী লোকদেরকে এখনও পর্যন্ত তেমন কোন শিক্ষা দেয়া হচ্ছেনা যা তাদের সাফল্য লাভের জন্য এবং এরুপ নব আবিস্কারের কোন প্রকার কেন্দ্র নাই এবং এইরুপ কোন প্রকার আকর্ষণ নেই যে চাকুরী আসবে, এক সময় যা ছিল। আমি মেয়র হিসেবে প্রতিদ্বন্দিতা করছি যে নিউ ইয়র্কবাসীর পাঁচটি এলাকার মধ্যে প্রকার প্রতিজ্ঞা ফিরিয়ে আনার জন্য। আমি প্রতিদ্বন্দিতা করিতেছি এই নগরীটিকে আপনার নগরীতে পরিনত করা জন্য। আমাদেরকে স্বতন্ত্র স্বাধীন নেতার প্রয়োজন যা রাজনৈতিক দলগুলি দ্বারা নিয়ন্ত্রন করা যায় না এবং কতিপয় স্বার্থ আমাদের সকলকে প্রতিরোধ করবে এবং নিউ ইয়র্ককে বসবাসের জন্য, কাজের জন্য এবং একটি পরিবার উঠিয়া আসার জন্য অপেক্ষাকৃত উত্তম জায়গা হিসেবে বিবেচিত হবে।আমি যথাক্রমে একজন শিক্ষক, সিটি কাউন্সিল মেম্বর বরো প্রেসিডেন্ট, ওবামা প্রেসিডেন্টের অধীনে হোয়াইট হাউসের একজন কর্মচারী এবং একজন ক্ষুদ্র ব্যবসায়ী। আমার অভিজ্ঞতা আমাকে দেখায় যে সরকার অপেক্ষাকৃত ভাল কিছু করতে পারে। এত সাধারণ অনুভূতি ব্যবহার করা যেতে পারে দিক নির্দেশনা হিসেবে এবং এটা অধিকতর নব আবিস্কারমূলক এবং কার্যকরী হয়।

আমাদের নিউ ইয়র্ক–আপনার সিটি–একটি জায়গা হিসেবে যেখানে পিতামাতা এবং ছাত্রছাত্রীরা যাদের হাতে ইউনিয়নের নেতৃবৃন্দের চেয়ে অনেক ক্ষমতা থাকে। ইহা একটি জায়গা যা ব্যবসা বৃদ্ধিতে সহায়তা করে রাস্তা অবরোধ করে তাদের সাফল্যের পথের ব্যাঘাত ঘটানোর চেয়ে উচ্চ করের আকারে, ফি এর আকারে এবং জরিমানার আকারে। নিউ ইয়র্ক হল নিরাপদ নিউ ইয়র্ক যেখানে পুলিশের হাটা এবং পুন:রায় পিটানো এবং যেখানে একটি শক্তিশালী সম্পর্ক রয়েছে আমাদের নেইবাহুডদের মধ্যে। এটা একটি ক্ষুদ্র প্রকৃতির নগরী একটি একুশ শতকের নগরী যেখানে প্রযুক্তি ব্যবহার আমাদের জীবন যাত্রাকে সহজতর করে তুলেছে এবং এটা একটি নগরী যা কর পরিশোধের নগরী। আমি প্রতিজ্ঞা করছি যে আমাদের কঠোর পরিশ্রমী পরিবারগুলোর জন্য কোন প্রকার কর বৃদ্ধি করা হবে না। আমি মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করছি। কারণ আমি বিশ্বাস করি একটি নিউইয়র্ক এ যেখানে আপনার সীমিত সামর্থ্য প্রকাশে সহায়তা করবে এবং এটা একটি নগরী যেখানে উন্নত জীবনের প্রতিজ্ঞা রাখা যায় যেমন আমার পিতা–মাতা করেছিল কঠোন পরিশ্রমের মাধ্যমে এরুপ পাওয়ার জন্যে যা সকলের জন্য ধরে রাকা যায়। আপনারা ক্ষমতাবান। এই ভোটে আপনাদের কন্ঠস্বর প্রয়োজন। আমি আপনাদের মেয়র হতে চাই এবং আমি আপনাদের সমর্থন–এবং আপনাদের ভোটটি চাই।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*

**মেয়র**
**এন্থনী গ্রনোউইচ (Anthony Gronowicz)** (G)

একজন নিউইয়র্কবাসী হিসেবে আমরা জানি যে, ২০০৮ সালে অর্থনৈতিক ধস এবং অতিমাত্রিক ঝড় স্যান্ডির কারনে চাকুরীর ক্ষেত্র নামিয়ে দেয়, সেই সাথে গৃহায়ন, স্বাস্থ্য পরিচর্যা এবং শিক্ষা ক্ষেত্রেও বিপযর্য় নেমে আসে।

একটি বিদ্যমান পরিবেশ এই সমস্ত বিষয়ে আমাদেরকে চিহ্নিত করে যে নিম্নগামী অবস্থায় বিপরীত্যও আসতে পারে।

একজন মেয়র হিসেবে আমি জোর দিব জীবাশ্ম জ্বালানী ব্যবস্থা তুলে দেয়া যা হাঁপানী এবং অন্যান্য শ্বাসপ্রশ্বাসজনিত রোগ সমুহ সৃষ্টি করে তকে যা আমদেরকে উৎপীড়িত করে তোলে এবং সেই সাথে সোলার, বাতাস এবং তরঙ্গ শক্তি প্রভৃতির।

বর্তমানে, একটি রেকর্ড রয়েছে যে ৫৩,০০০ ছেলেমেয়ে যারা সড়ক এবং বিভিন্ন আশ্রায়নে রয়েছে- এবং ২০০৮ সালের পরে এ সংখ্যা -৫০০% বৃদ্ধি পেয়েছে। স্কুলে যাওয়ার পথে বহু সংখ্যক ছাত্র ছাত্রী যারা ঘৃনিত কর্মের দ্বারা বাঁধাগ্রস্থ হয় এবং পুলিশ বিভাগের দ্বারা উৎপীড়িত হয় যেখানে ইতিহাসের সবচেয়ে ধনী মেয়র বলে থাকেন "আমার নিজস্ব আর্মী"। তা সত্ত্বেও ঘটনা হল যে কেন তিনি এখনো পযর্ন্ত মেয়র আছেন তা হল ২৯ সিটি কাউন্সিলের ডেমোক্রাটরা ওভাররুলের মাধ্যমে ২টি পাবলিক রেফারেন্ডা করে তাকে তৃতীয় বার থাকতে দিয়েছে।

আমি এইরুপ ষ্টাপ এন্ড ফ্রিস্ক বন্ধ করে দিব এবং গাঁজা রাখার অধিকারকে অপরাধবোধ কমিয়ে দিবো। LA এবং নিউ অরলিন্সে, এলাকা সমুহে, সন্ত্রাসী অপরাধ আরও নিচে নেমে এসেছে % হিসাবে যা ষ্টপ এবং ফ্রিস্ক ব্যতীত।

প্রথম শ্রেনীর শিক্ষা ব্যবস্থা যা আমি পেয়েছি, আমি প্রাইভেট স্কুল সমুহে ২০ এর ন্যায় ক্যাপ শ্রেনীকক্ষ করতাম যেখানে ব্লুমবার্গ তার সন্তানদের পাঠিয়েছিলেন। আমি প্রাক-স্কুল কাযর্ক্রমে প্রতিটি শিশুর জন্য তহবিলের ব্যবস্থা করতাম; এবং তাদেরকে শারীরিক ব্যায়াম, কলা, এবং সংগীত বিদ্যার পাঠ সমুহে ফিরিয়ে আনি- এবং অন্যান্য বাস্তব্যবিদ্যা শ্রেনীতে পাঠ লওয়ার প্রস্তাব দেই।

প্রকৃতির প্রতি গুরুত্ব উসাহিত করার জন্য প্রতিটি গণ বিদ্যালয়ে একটি সামাজিক বাগানের ব্যবস্তা করতাম এবং একটি গৃহ সবুজে সাজাতাম। গণ বিদ্যালয় বন্ধের ক্ষেত্রে তলা গণ হাসাপাল প্রভৃতি তা গর্হিত কাজ। অর্থায়ন ঘটাতো ১% উপরি আয় থেকে যাহারা সিটি আয়ের মোট ৪৫% ভাগ তেকে দিত।

ষ্টক স্থানান্তরে কর ধায সম্পর্কে পুন:পরিচিত করানোর ক্ষেত্রে যার প্রভাব আসে ১৯০৫ সাল থেকে ১৯৮০ সাল পযন্ত সময় কালে তাতে আমি মার্কিন ডলার ১৬ বিলিয়ন ব্যয় করেছি বার্ষিক ভিত্তিতে। কম্পিউটার কর এবং একটি বৃদ্ধিমুলক ব্যক্তিগত আয়ের কর যা ঐ সমস্ত বাসরিক ভিত্তিক আয়ের উপর তা হইয়াছিল মার্কিন ডলার ২৫০,০০০ এর চেয়ে বেশী যেখানে ১৯৭০ সালে দারিদ্রের প্রভাব মুছে ফেলা হইয়াছিল এবং তা প্রত্যেক প্রকার স্বল্প ব্যয়ে হইজিং প্রকল্পে ব্যয় করা হইয়াছিল একজন এনওয়াইসি তে জন্ম গ্রহণকারী হিসেবে এবং কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের স্বাতক হিসেবে আমাদের নগরীটিই হইল আমার শ্রেনীকক্ষ, আমার গবেষনাগার, আমার জীবন। সাধারণ ওয়েলফেয়ারকে ওয়াল ষ্ট্রীটে আমি কখনও আপোষ করব না যেমনটি ২টি বড় দলের প্রার্থীগণ তাহাদের প্রচারাভিযানের তহবিলের জন্য তৃপ্তিহীন অনুসন্ধান করিয়াছে।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*

**মেযর**

**রেন্ডি ক্রেডিকো (Randy Credico)** (TWS)

**আমি সম্মুখগতি সম্পন্ন ডেমোক্র্যাট। George Mcgovern কে ১৯৭২ সালে প্রথমবারের মতো আমার ভোট প্রদান থেকে এখানে আছি। সামাজিক ও রাজনৈতিক সক্রীয়তায় আমার একটা লম্বা ইতিহাস রয়েছে। আমি ৩০টি বছর পার করেছি, এবং এখনও তা করে যাচ্ছি, একজন রাজনৈতিক বিদ্রূপাত্মক লেখক হিসাবে। আমার এই দক্ষতা আমি সামাজিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক সমতা আনায়নে কাজে লাগিয়েছি। আমি কখনও কোন দপ্তরধারী হই নাই। আমি ১৯ শতকের ক্রীতদাসপ্রথা বিলোপ আন্দলনের একজন ছাত্র। আমি John Brown, Richard Hildreth, Fredric Douglass, Passmore Williamson এবং Theodore Parker দ্বারা প্রভাবিত হয়েছি। ১৪ বছর যাবৎ আমি William Moses Kunstler ফান্ড ফর রেসিয়াল জাসটিস ডিরেক্টর ছিলাম। সেই বছরগুলিতে আমরা Tulia ৪৬ ড্রাগ বাস্ট এবং বর্ণবাদী Rockefeller ড্রাগ লজ জাতীর কাছে তুলে ধরেছিলাম। Kunstler ফান্ড নিউ ইয়র্কের ঠান্ডা এবং হিংস্রতাপূর্ণ বন্দীশালার নিয়মে জড়ো করা ব্যক্তিদের পরিবাবর্গকে একতাবদ্ধ করেছিল। আমরা উৎসাহিত হয়েছিলাম আর্জেন্টিনার Madres De Plaza De Mayo দ্বারা। ২০০৬ সালে মানবাধিকার কর্মকান্ডে আমার কাজের জন্য Madres আমাকে পুরস্কৃত করে। ১৯৯৪ সালে Rudy Giuliani নাগরিক স্বাধীনতা পর্যুদস্ত পরবর্তী সময়কালে নিউ ইয়র্ক সিটি একটি বিভক্ত নগরীতে পরিনত হয় এবং সে অবস্থা পরবর্তী ২০ বছর ধরে চলতে থাকে। ফৌজদারী ব্যবস্থা এখানে গহীন দক্ষিনের চেয়ে ভীন্ন নয়। নিউ ইয়র্ক সিটির প্রয়োজন একটা সম্পূর্ণ সার্বিক আপাদ মস্তক পুনর্বিন্যাস। আমার ওয়েবসাইট www.credico2013.org এ আমার একটা পরিকল্পনা রয়েছে। আমাদের কয়েক মিলিয়ন সঙ্গী সাথী নিউ ইয়ার্কবাসীর মাঝে অনেক হতাশা ও যন্ত্রনা রয়েছে। আমি তাদের পক্ষে কথা বলি। আমি শক্তিশালী আবাসন সংস্থা, ব্যাংকিং খাত এবং ওয়াল ষ্ট্রীট থেকে কোন টাকা পয়সা পাই না। অনুগ্রহ করে আমাকে বিবেচনায় রাখবেন।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন না।*

মেয়র
**জ্যাক ডি. হিডারী (Jack D. Hidary)** (CS, JE)

হাই, আমি Jack Hidary। ব্রুকলীনের আদি বাসিন্দা হিসেবে আমি আমাদের সিটির ভবিষ্যৎ নিয়ে অধিকতার যত্নবান। সিটি ভাল রকমের অগ্রগতি সাধন করছে কিন্তু নিউইয়র্কে সকল নিউইয়র্কবাসীর স্বপ্ন পুরন করতে আমাদের এখনও বহু কাজ বাকী আছে।

অনেক নিউইয়র্কবাসী বর্তমানে কোন কাজ নাই অথবা স্বল্প আয়ের একটি চাকুরী পাওয়ার জন্য আপ্রাণ চেষ্টা চালাচ্ছে।

আমার পরিকল্পনা হলো যে সিটিতে হাজার হাজার নতুন কর্মসংস্থান সৃষ্টি করা এবং নিউইয়র্কবাসীদের প্রশিক্ষণ দেয়া বেশী বেতনে চাকুরী পাওয়া যায়।

একজন সফল ব্যবসার মালিক হিসেবে আমার পযার্প্ত অভিজ্ঞতা রয়েছে যার প্রয়োজন রয়েছে নিউইয়র্কে অর্থনৈতিক উন্নয়নে।

আমার প্রথম কোম্পানীটি আমেরিকানদের দ্বারা চালিত যেখানে লক্ষ লক্ষ চাকুরীর ব্যবস্থা হয়েছে।

আমি বিশ্বাস করি যে অবশ্যই অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করতে হবে কেবল মাত্র মানহাটান এলাকায় নয় পাঁচটি বরোতেও।

নিউ ইয়র্কের জন্য একটানা প্রবৃদ্ধি করতে হবে। আমাদের অবশ্য ভাল স্কুলের প্রয়োজন রয়েছে, রয়েছে একটি নিরাপদ নগরী এবং স্বল্প ব্যায়ে আরামদায়ক গৃহায়ন ব্যবস্থা প্রভৃতি।

একটি মহতি শিক্ষাই প্রতিটি শিশুর ভবিষ্যৎ জীবনের মৌলিক চাবিকাঠি। কিন্তু আমাদের স্কুলগুলি বহু সংখ্যক শিক্ষার্থীদের শিক্ষা দানে ব্যর্থ হচ্ছে।

শিক্ষা ক্ষেত্রে বহু বছর অতিক্রম করার পরে আমার পরিকল্পনা হলো যে শ্রেনীকক্ষের নবায়ন করতে হবে এবং চাকুরীতে সক্ষম গ্র্যাজুয়েটদেরকে তা দিতে হবে।

একটি নিরাপদ সিটির মৌলিক একটি বিষয় হলো যে প্রতি বছর ৫২ লক্ষ পর্যটকের নিউইয়র্কে ভ্রমন করতে আসে এবং আমাদের অর্থনীতিতে চালিকা সচল রাখে।

পরিশেষে স্বল্প ব্যয়ে আরামদায়ক গৃহায়ন একটি জটিল সময়সা যা NYC তে আমাদের নিম্ন এবং মধ্যশ্রেণীর পরিবারদেরেক ধরে রাখা যা সবর্দা উচ্চ খরচের জীবনযাত্রার কারণে হুমকির মুখে পড়ছে।

আমি একজন পেশাগত রাজনীতিক নই। আমি একজন ব্যবসা প্রতিষ্ঠানের মালিক যিনি কয়েকটি ব্যবসা প্রতিষ্ঠা করে সফলভাবে পরিচালনা করেছেন।

আমার শক্তিশালী ব্যবস্থাপনা অভিজ্ঞতা, আমার স্কুলে কাজের এবং স্বল্প আয়ের চাকুরী সৃষ্টির যৌথ অভিজ্ঞতা NYC-এর চমৎকার ভবিষ্যৎ নেতৃত্ব দেয়ার জন্য তৈরী করছে।

আমি আশা করি যে আপনাদের সমর্থন এবং ৫ই নভেম্বরের ভোটটি পাব, যাতে নিউ ইয়র্ককে সিটি হিসেবে গড়ে তুলতে পারি যেখানে আমাদের সকলের সুযোগ থাকবে।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**মেয়র**

**জিমি (ভাড়া খুব বেশি) ম্যাকমিলান [Jimmy (rent is too damn high) McMillan]** (R2H)

**ভাড়া মাত্রাতিরিক্ত বেশি, ১৯০০ ডলার/প্রতি সপ্তাহ, ষ্টুডিও: ৫০০০ ডলার/প্রতি মাস, ১ বেডরুম: ৪,৯৭৫ ডলার/প্রতি মাস, ২ বেডরুম: ৮,৭৫৯ ডলার /প্রতি মাস। ব্যবসা শেষ, ব্যবসা ছেড়ে দিচ্ছে, লীজ হারা হতে হচ্ছে–বেকারত্ব সংকট–গৃহ হারা সংকট–গৃহায়ন সংকট। দারিদ্রের বিরুদ্ধে সংগ্রাম। যুবক পুরুষ জানেনা কোথায় যেতে হবে এবং যুব মহিলা জানেনা কোথায় যেতে হবে। তারা দিনে ৮ ঘণ্টা–সপ্তাহে ৪০ ঘন্টা কাজ করছে এবং কেউ কেউ তৃতীয় কোন কাজে লেগেছে। শিশুরা ক্ষতিগ্রস্ত এবং আমরা অবশ্যই সাহায্য করব "কলেজ টিউশন মাত্রাতিরিক্ত অতি বেশি"। আমরা আপনাদের সহায়তা চাই, এখনই আমাদের সাথে যোগ দিন–আজই! ভাড়া মাত্রাতিরিক্ত বেশি পার্টি এবং কোন কিছু বলার নেই, কিছুই নেই। ২০১৩ সালের নভেম্বরের ৫ তারিখে মাত্রাতিরিক্ত ভাড়ার পার্টির এবং Jimmy McMillanকে নিউ ইয়র্ক সিটির মেয়র পদের জন্য জন্য ভোট দিন। নোট; প্রতিটি শিশু আমার সন্তান–এবং আপনাদের মাথার উপরে ছাদ দেয়া আমার কাজ, আপনার পকেটে পয়সা যোগান দেওয়া, টেবিলের উপরে খানা, নাস্তা, লাঞ্চ এবং ডিনার–আমি আপনাদের আপনাদেরকে ভালবাসি!**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**মেয়র**

**জোসেফ জি. মেলারাংনো (Joseph G. Melaragno)** (AT)

**আমি মেয়র পদে প্রতিদ্বন্দিতা করছি কারণ একটি সিটি হিসেবে অন্য নিউ ইয়র্কবাসীদের জন্য আমরা সবচেয়ে বেশী গুরুত্বপুর্ন বিষয়ে পর্যাপ্ত দৃষ্টি দেই – যেখানে সামর্থ্যের মধ্যে বাস করার জন্য পৃথিবীর সবচেয়ে ভাল শহর। সিটিতে একটি এপারটমেন্ট ভাড়া নেয়া খুবই ব্যয়বহল। একটি ব্যবসা শুরু করলে তা সিটির অধিবাসীদের চাকুরীর সুযোগ সৃষ্টি করবে তাও খুবই ব্যয় বহুল। সিটির কর পরিশোধ করা খুবই ব্যয় বহুল। কেন আমরা এত বেশী ভাড়া প্রদান করছি? এটা সাধারণ চাহিদা ও সরবরাহের ভিত্তিতে হয়। অনেক নিউ ইয়র্ক বাসীর জন্য খুব স্বল্প সংখ্যক আবাসন রয়েছে। আমি দ্রুতগতিতে অনুমতি প্রদান করবো এবং এলাকা ভিত্তিক কোড প্রভৃতি সংশোধন করবো যা দ্বারা ব্যাপক প্রয়োজনীতার ক্ষেত্রে বহু সংখ্যক নির্মাণ কাজের অনুমতি দেয়া যায় – বিশেষ করে তা সাবওয়ের ধারের কাছে। এই সমস্ত বিষয় সংক্ষিপ্ত সময়ে করা হবে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্বল্প ব্যয়ে আরামদায়ক গৃহের ব্যবস্থা করা হবে। আমাদের নিউ ইয়র্কবাসীদের জন্য কি অধিক সংখ্যক চাকুরীর ব্যবস্থা আছে? উচ্চ প্রকৃতির প্রশাসনিক বাঁধা এবং গৃহায়নের অধিক মাত্রার খরচ বিভিন্ন ফার্ম এবং প্রতিষ্ঠানকে এখানে চাকুরীর ক্ষেত্র তৈরীতে অনুৎসাহিত করে। কিভাবে একজন উদ্যোক্তা তাঁর কাজের ঝুঁকি এড়িয়ে, পরবর্তী গুগল প্রতিষ্ঠা করতে পারবে যখন ভাড়া এতটাই ব্যয় বহুল? আমি এই সমস্ত বোঝাগুলো ও ব্যয় হ্রাস করে বৃহৎ প্রতিষ্ঠানগুলোকে এবং উদ্যোক্তাদেরকে সিটিতে কর্মসংস্থান সৃষ্টি করার জন্য উৎসাহিত করবো। কেন করসমুহ এতটা বোঝাস্বরূপ এবং জটিল প্রকৃতির হবে? অধিবাসীগণ যারা সম্পদের উপর কর প্রদান করে, খুচরা মুল্যে ক্রয় করে, আয় করে এবং তা আরও অনেক কিছু। সিটির মধ্যম গড়ের অধিবাসীগণ তাঁদের বন্ধকীর বিষয়ে পুন: অর্থায়ন করার জন্য $৭,৫০০ কর পরিশোধ করতে হয়। আমি আমাদের কর পরিশোধ কোডগুলি সরলীকরণ করবো যাতে সিটির অধিবাসী এবং ব্যবসায়ী উভয় সম্প্রদায়ের ক্ষেত্রে জটিলতা দূর হয় এবং গৃহ সম্পত্তির কর কম করে গড়ে প্রতি বছর প্রায় $২,০০০ করা। নিউ ইয়র্ক স্বল্প ব্যয়ে অধিক গৃহ তৈরী বেশ জটিল হয়ে উঠছে সিটির ভবিষ্যতের জন্য যা এই দেশের অন্যান্য নগরীর এবং বাইরের লোকদের প্রতিদ্বন্দিতা করার জন্য নতুন চাকুরীর ও অধিবাসিদের আকৃষ্ট করবে। আমি অধিকতর সুবিধাজনক গৃহায়ন তৈরীর চেষ্টা করবো, নতুন চাকুরী সৃষ্টি করবো আমাদের কর্মীদের জন্য, সকল প্রকার ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য নতুন ক্রেতা আনবো, এবং সকলের জন্য অধিকতর মান সম্পন্ন জীবন যাপনের ব্যবস্হা করবো।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন না।*

**মেয়র**

**কার্ল পারসন (Carl Person)** (REF)

**আমার নাম Carl Person এবং মেয়র পদে আমি রিফর্ম পার্টি প্রার্থী। NYC মেয়র একটা একক সংস্কার সাধন করে সুবিধা বঞ্চিত যুব সম্প্রদায়, বেকার, প্রাপ্তবয়স্ক বেকার এবং অভাবী পরিবারবর্গের অর্থনৈতিক সমস্যাবলী সামাধান করতে পারেন। আমরা প্রয়োজনের তাগিদে সু-পরিসর তথ্য প্রযুক্তি হাই স্কুলের সিনিয়র ক্লাসের শিক্ষার্থী (কলেজ গ্রাজুয়েট ও জীবনাবধি ঋণে আটক ব্যক্তিদের পরিবর্তে) দেরকে শিক্ষা দিতে পারি, পাশাপাশি ঐ যুব সম্প্রদায়ের জন্য চালু রাখা ফ্রি-১ বছর মেয়াদী প্রোগাম,  যাতে তারা যে কোন যায়গায় কাজ করার যোগ্যতা অর্জন করে, আর এটা লাইসেন্স বা পরীক্ষা ছাড়াই হবে, তাদেরকে ঘন্টা প্রতি $২৫ থেকে $১০০ ডলার পারিশ্রমিকের শর্তে, তারা কাজ অথবা চাকুরী করবে-ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানে, পেশাদারী ফার্মে, অ-লাভজনক ও সরকারী সংস্থা সমূহে। এটা ক্ষুদ্র ব্যবসা, স্থানীয় যন্ত্রযোগে উৎপাদিত শিল্প, কৃষিজাত ও সংশ্লিষ্ট কাজকর্ম এবং স্থানীয়ভাবে ঠেক দেওয়া সেবাসমুহ প্রসারিত করবে, স্থাবর সম্পদের মূল্য বাড়াবে, রাজনৈতিক সংস্কার সাধন করবে এবং স্টপ এন্ড ফিস্ক তুলে ফেলব। আমি একজন হার্ভাড ল স্কুল গ্রাজুয়েট, আইনজিবী এবং ব্যবসায়ী। আমি কর্মসংস্থান হিসাবে আইনগত শুরু করলাম, মালিক হলাম এবং ১৮ বছর ধরে আরেকটা অনুরুপ প্রোগ্রামের পাশাপাশি একটা লাভজনক টেকনিক্যাল প্রশিক্ষণ স্কুল পরিচলনা করলাম। NYC -এর ৭৫,০০০ নামধারী স্কুল শিক্ষকদের অনেকে এই প্রোগ্রাম পড়াতে পারেন। আমার প্রোগামের জন্য সনদ দ্বারা সংরক্ষিত কোন স্কুলের প্রয়োজন আমাদের নেই। অভিভাবক মাতা-পিতা ও ছাত্ররা হাইস্কুলে ভর্তি হবে ঐ সব উচ্চ রোজগারী কাজে ও ক্ষুদ্র ব্যবসা সুযোগ নিতে পারেন। এই প্রশিক্ষন দরকার কারণ বিগত ১৬ বছরের দ্রুত প্রযুক্তিগত অগ্রগতি হয়েছে। NYC-কে দেশের শিক্ষার রাজধানীতে পরিনত করবে। আপনি যা চান তা রাজনিতীকদেরকে বলুন এবং আপনার ভোট নষ্ট করবেন না-আমাকে ভোট দিন, Carl Person, রিফর্ম পার্টি প্রার্থী।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন না।*

**মেয়র**
**এরিক সালগাডু (Erick Salgado)** (SC)

**হ্যালো এবং এই তথ্যসম্মৃদ্ধ ভিডিওটি দেখার মাধ্যমে নিউইয়র্ক সিটির প্রতি অধিকতর মনোযোগী হওয়ার জন্য আপনাদেরকে ধন্যবাদ। আমি Erick Salgado এবং আমি মেয়র পদের জন্য প্রার্থী । আমি এই সিটিকে জানি। আমি ২৪ টি বছর কাটিয়েছি এর বিভীন্ন বিচিত্র কমিউনিটি গুলিকে সাহয্য সহায়তা করে এবং একজন ব্যাবসায়ী হিসেবে আমি ব্যাবসা প্রতিষ্ঠান সমূহ প্রতিষ্ঠিত ও উন্নয়ন করেছি যাতে আমার সাথী নিউইয়র্কবাসীরা কাজকর্মে নিয়োজিত হয়েছেন। নিরাপত্তা হচ্ছে আমার প্রথম অগ্রাধিকার। আপনি এবং আপনার পরিবার শুধু নিরাপদ থাকুন তাই নয়, অধিকন্তু আমাদের রাস্তাঘাটে যখন হাটেন, সাব ওয়েতে চড়েন এবং বাড়ীতে আরাম করার সময়ও নিরাপদ বোধ করুন। সেই জন্য আমি মেয়র Giuliani এর প্রশাসন সময়কলের মতো স্তর বিন্যাসে পুলিশ ডিপার্টমেন্টের পদগুলিকে পুনপ্রবর্তন করবো। আমি সকল প্রকার কোটাপদ্ধতী বাতীল করবো। অপর অগ্রধিকারটি হচ্চে নিউইয়র্কবাসীদের জন্য কর্মসংস্থান সৃষ্টি। সম্মিলিতভাবে, ক্ষুদ্র ব্যাবসা হচ্ছে আমাদের সিটির সর্ববৃহৎ নিয়োগকারী। আমি দূরিভূত করবো সে সব বাঁধা বিপত্তি যা সিটি হল সৃষ্টি করেছে যাতে ব্যাবসা সম্প্রসারন ব্যাহত হয়। ব্যাবসা বাড়ার সাথে নিউইয়র্কবাসীর জন্য কাজের সংখ্যাও বাড়ে। আমি ট্যাক্স উদ্দীপনাও ব্যাবহার করবো নতুন কর্মসৃষ্টি লক্ষ্যে এবং সিটি কনট্রাক্ট সমূহের নীলাম অনুষ্ঠান কর্মকান্ডে নিউইয়র্ক প্রতিষ্ঠান সমূহকে অগ্রাধিকার দেবো। যে কোন কাজে উপযুক্ত যোগ্যতা অর্জন করতে নিউইয়র্কবাসীর জন্য উন্নত শিক্ষা প্রয়োজন। শিক্ষা বিভাগকে অবশ্যই শিক্ষার্থীদের প্রয়োজন মেটাতে হবে। আমি অভিভাবক সংশ্লিষ্টতা বাড়াতে চাই, শিক্ষক মূল্যায়নে তাদের একটা গ্রেড দেওয়ার ক্ষমতা থাকবে। আমি একটা প্রক্রীয়াগত অডিট পদ্ধতি চালু করতে চাই যাতে কর্মকান্ডের সফলতা নির্ণয় করা যায় এবং সে তথ্য সকল শিক্ষক ও অধ্যক্ষগণের মধ্যে বিতরন করা যায়। আবারও, ধন্যবাদ মেয়র নির্বাচনী দৌড়ে আপনাদের উৎসাহের জন্য। সবাই মিলে আমরা এই সিটিকে ভাল রাখতে পারি।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*